সমকাল

তারিখ ··2 0· MAY·2016·· ···
পৃষ্ঠা ··৩·· ··· কলাম··৮··· ······

# বন্দরে এবার স্কুল ছাত্রীকে মারধর করে পালালেন শিক্ষক

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জ বন্দরে এবার মীরকুণ্ডি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের এক শিক্ষক ছাত্রীকে পিটিয়ে রক্তাক্ত জখম করে পালিয়েছন। গতকাল বৃহস্পতিবার এ ঘটনার পর এলাকায় উত্তেজনা সৃষ্টি হলে পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে।

আহত পঞ্চম শ্রেণীর ছাত্রী মারুফা জানায়, দুপুরে ক্লাসে আসেন সহকারী শিক্ষক আলমগীর। তিনি শিক্ষার্থীদের কাছ থেকে পড়া নিচ্ছিলেন। সে সময় পড়া দিতে দেরি হওয়ায় শিক্ষক তাকে লাঠি দিয়ে পেটালে তার কান কেটে রক্ত বের হয়।

এদিকে ছাত্রী মারুফাকে পিটিয়ে রক্তাক্ত জখম করার ঘটনাটি স্কুলের বাইরে ছড়িয়ে পড়লে এলাকাবাসী স্কুলের সামনে এসে জড়ো হয়। অবস্থা বেগতিক দেখে সহকারী শিক্ষক আলমগীর পালিয়ে যান।

বন্দর থানার ওসি আবুল কালাম বলেন, মীরকুণ্ডি স্কুলে শিক্ষার্থীকে মারধরের সংবাদ পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হয়। এ ব্যাপারে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

বন্দরের কল্যাণদী পিয়ার সাত্তার লতিফ উচ্চ বিদ্যালয়ের শিক্ষক শ্যামল কান্তি ভক্ত রিফাত নামের এক ছাত্রকে মারধর-পরবর্তী ঘটনা নিয়ে সমালোচনার ঝড় ওঠে। আবারও এ ধরনের ঘটনা অনভিপ্রেত।